

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

নির্দেশ বিজ্ঞপ্তি নংঃ ৪৭৪/১৩

০৫/০৮/২০১৩ খ্রিস্টাব্দ
তারিখঃ-----
২১ শ্রাবণ, ১৪২০ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/ প্রিন্সিপাল ব্রাঞ্চ (লোকাল অফিস)/
সেন্ট্রাল ব্রাঞ্চ (জনতা ভবন কর্পোঃ শাখা)/
এরিয়া অফিস/কর্পোরেট শাখা/
সকল শাখা ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড,
বাংলাদেশ।

বিষয়ঃ জনতা ব্যাংক দ্বিগুন মুনাফা স্কিম (জেবিডিবিএস, নিঃ বিঃ ৩২৩/১১ তারিখঃ ২০.১০.১১) এবং জনতা ব্যাংক মাসিক মুনাফা স্কিম (জেবিএমবিএস, নিঃ বিঃ ৩৭৩/১২ তারিখঃ ২০.১০.১১) এর সুদের হার ও সময় পরিবর্তন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
উপর্যুক্ত বিষয়ে জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং নিঃ বিঃ ৩২৩/১১ তারিখঃ ২০.১০.১১ এবং নিঃ বিঃ ৩৭৩/১২ তারিখঃ ২০.১০.১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হল।
৩১.০৭.২০১৩ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ডিরেক্টরস্ এর ২৭৮তম সভার সিদ্ধান্তের আলোকে উক্ত স্কিমদ্বয়ের আওতায় হিসাব খোলার ক্ষেত্রে সুদের হার নিম্নবর্ণিতভাবে পরিবর্তন করা হলো যা অদ্য ০৫.০৮.২০১৩ইং তারিখ হতে কার্যকর হবে।

ক্রমিক	স্কিমের নাম	বিদ্যমান হার	০৫.০৮.১৩ থেকে বলবৎ হার
১	জনতা ব্যাংক দ্বিগুন মুনাফা স্কিম (জেবিডিবিএস, নিঃ বিঃ ৩২৩/১১ তারিখঃ ২০.১০.১১)	৫.০০ঃ সুদের হারঃ বার্ষিক ১২.৬৩% চক্রবৃদ্ধিহারে ৬ বছর ক্রমাগত সুদ আরোপ করা হবে। প্রতিটি হিসাবে বার্ষিক ভিত্তিতে প্রতি ডিসেম্বরে সুদ প্রদেয় হবে। যাতে মেয়াদ শেষে (৬ বছর) প্রদেয় অংক মূল জমা অংকের দ্বিগুন হয়। এ বিষয়ে কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট শাখা দায়ী থাকবে।	৫.০০ঃ সুদের হারঃ বার্ষিক ১০.৭৯% চক্রবৃদ্ধি হারে ৭ বছরে দ্বিগুন হবে।
২	জনতা ব্যাংক মাসিক মুনাফা স্কিম (জেবিএমবিএস, নিঃ বিঃ ৩৭৩/১২ তারিখঃ ২০.১০.১১)	৫.০০ঃ সুদের হারঃ বার্ষিক ১৩.৪৬% সরল হার সুদে মাসিক ভিত্তিতে সুদ আরোপ করা হবে। অর্থাৎ কোন মাসের যে তারিখেই হিসাব খোলা হোক না কেন, এক মাস পূর্ণ হওয়ার পর প্রয়োজনীয় কর্তন (সরকারী নীতিমালা অনুযায়ী) শেষে গ্রাহকের হিসাবে কিংবা পে-স্লিপ এর মাধ্যমে মুনাফার টাকা প্রদান করা হবে।	৫.০০ঃ সুদের হারঃ বার্ষিক ১২.০০% সরল হার সুদে মাসিক ভিত্তিতে সুদ আরোপ করা হবে। অর্থাৎ কোন মাসের যে তারিখেই হিসাব খোলা হোক না কেন, এক মাস পূর্ণ হওয়ার পর প্রয়োজনীয় কর্তন (সরকারী নীতিমালা অনুযায়ী) শেষে গ্রাহকের হিসাবে কিংবা পে-স্লিপ এর মাধ্যমে মুনাফার টাকা প্রদান করা হবে।

তবে, ০৫.০৮.২০১৩ইং তারিখের পূর্বে খোলা জেবিডিবিএস স্কিমঃ নিঃ বিঃ ৩২৩/১১ তারিখঃ ২০.১০.১১ এবং জেবিএমবিএস স্কিমঃ নিঃ বিঃ ৩৭৩/১২ তারিখঃ ২০.১০.১১ এর হিসাব সমূহের ক্ষেত্রে পূর্বের সুদ হার ও সময় অপরিবর্তিত থাকবে।

সুদের হার ব্যতীত উপরোক্ত সার্কুলার এবং নিঃ বিঃ নং-৩৯৪/১২ তারিখঃ ২৫.০৭.২০১২ এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত,


(মোঃ আমিরুল মুনান)
উপ-মহাব্যবস্থাপক


(মোঃ সিরাজুল ইসলাম)
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ-

- ১। কোম্পানী সেক্রেটারী, বোর্ড সেক্রেটারিয়েট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পি এস টু সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক /উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পি এ টু সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/জনতা ভবন কর্পোঃ শাখা এবং বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর, ঢাকা-দক্ষিণ, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, সিলেট, রংপুর ও বরিশাল।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। চীফ এক্সিকিউটিভ, জনতা ব্যাংক লিমিটেড, সংযুক্ত আরব আমিরাত।
- ৬। নথি।